গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২০.২০- ৯০৪২ তারিখঃ ১৭ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ। ০২ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

**বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার নির্বাচনের বিষয়ে মতামত প্রদান প্রসংগে।**

সূত্র: (১) নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পত্র সংখ্যা: ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০(অংশ-২)-৫২৬,তারিখ: ২৬ ডিসেম্বর, ২০২১খ্রি:।
(২) জনাব মো: হারুনুর রশীদ, এমপি, ৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩, সদস্য, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ মহোদয়ের ডিও পত্র, তারিখ: ৩০/১০/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনৈক জনাব মো: আলাউদ্দিন গং স্থানীয় সরকার বিভাগে আবেদন করে চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার ০৩নং ঝিলিম ইউনিয়নের গ্রাম ও মৌজা-আতাহার (জেএলনং-১০০), গ্রাম ও মৌজা-হোসেনডাঙ্গা (জে এল নং-৮৯), গ্রাম ও মৌজা-নুনাপুকুর (জে এল নং-৯৮), গ্রাম ও মৌজা-কালুপুর (জে এল নং-৯৬) এবং গ্রাম ও মৌজা-পলাশ (জে এল নং-৯৪) চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার উক্ত মৌজাসমুহকে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভায় অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ জানান। কিন্তু প্রস্তাবিত মৌজাটি পৌরসভায় অন্তর্ভূক্ত না করায় সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, সচিব, নির্বাচন কমিশন সচিবালয়সহ ০৮(আট)জন-কে বিবাদী করে জনাব মো: আলাউদ্দিন, গ্রাম ও মৌজা-আতাহার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ গং বাদী হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৫২৯/২০২১ দায়ের করেন **(সংযুক্তি-০১)**। রিটকারিগণের সীমানা সম্প্রসারণের কোন আবেদন স্থানীয় সরকার বিভাগে পাওয়া যায়নি। এ ছাড়া বর্ণিত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৫২৯/২০২১ খ্রি: এর আদেশে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার নির্বাচন অনুষ্ঠানে কোন নিষেধাজ্ঞা নেই। ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৫ অক্টোবর, ২০২০ খ্রি: তারিখের ৭৬০ নম্বর স্মারক নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরিত তথ্যাদিতে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার নির্বাচন অনুষ্ঠানে কোন বাধা নেই মর্মে উল্লেখ করা হয়েছে **(সংযুক্তি-০২)**।

০২। উল্লেখ্য যে, পৌরসভা সম্প্রসারণের লক্ষ্যে অভিপ্রায় ঘোষনা, গণবিজ্ঞপ্তি জারির মাধ্যমে প্রাপ্ত আপত্তি অভিযোগ নিষ্পত্তি করত: শহর এলাকা ঘোষনা, প্রি-নিকার ও নিকার-এর অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট পল্লী এলাকাকে পৌরসভায় অন্তর্ভুক্ত করে পৌরসভা সম্প্রসারণ করা হয়। প্রায়ই দেখা যায়, সম্প্রসারণের মাঝামাঝি/শেষ পর্যায়ে অথবা সম্প্রসারণ পরবর্তীতে ওয়ার্ড বিভক্তিকরণের ক্ষেত্রে স্থানীয় যে কোন ব্যক্তি বা জনপ্রতিনিধি সম্প্রসারণের বিরুদ্ধে রীট মামলা দায়ের করে থাকেন। ফলে দায়েরকৃত মামলায় নিষেধাজ্ঞার কারণে অথবা মামলা বিচারাধীন থাকার কারণে পৌরসভার মেয়াদ উত্তীর্ণ হলেও যথাসময়ে নির্বাচন সম্ভব হয়না।

০৩। **চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার সর্বশেষ নির্বাচন ২০১৬ সালে অনুষ্ঠিত হয়। সে মোতাবেক উক্ত পৌরসভার ১ম সভা অনুষ্ঠিত হয় গত ২৩/০৩/২০১৬ খ্রি: তারিখে এবং বর্তমান পরিষদের মেয়াদ শেষ হয়েছে গত ২৩/০৩/২০২১ তারিখ।** সে মোতাবেক নির্বাচন কমিশন কর্তৃক **গত ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি: তারিখে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার তফশীল ঘোষণা করা হয়। ঘোষিত তফশীল অনুযায়ী ২ নভেম্বর, ২০২১ অনুষ্ঠানের নির্ধারিত তারিখ ছিল।** পৌরসভার সীমানা সম্প্রসারণ একটি দীর্ঘমেয়াদী বিষয় বিধায় নির্বাচনের পর চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার সীমানা সংক্রান্ত রিটকারীগণের আবেদন নিষ্পত্তি করা হবে।

০৪। এমতাবস্থায়, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৫২৯/২০২১ খ্রি: এর আদেশে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার নির্বাচন অনুষ্ঠানে কোন নিষেধাজ্ঞা না থাকায় স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৫ অক্টোবর, ২০২০ খ্রি: তারিখে প্রেরিত তথ্যাদি অনুযায়ি **(সংযুক্তি-০৩)** চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার নির্বাচনের পুন:তারিখ নির্ধারণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০২.১১.২০২১

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২
E-mail: lgpaura1@lgd.gov.bd

**সচিব**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা।**
**[দৃষ্টি আকর্ষণ: জনাব মো: আতিয়ার রহমান, উপসচিব (নির্বাচন পরিচালনা-২ অধিশাখা)]।**

অনুলিপি:

০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ **(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**।

# বাংলাদেশ জাতীয় সংসদ
# Bangladesh Parliament

## মোঃ হারুনুর রশীদ
সংসদ সদস্য
৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩
সদস্য, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ


"বিসমিল্লাহির রহমানির রহিম"

মাননীয় সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।

তারিখ : ৩০/১০/২০২১ ইং

সূত্র ঃ নির্বাচন কমিশন সচিবালয় এর প্রজ্ঞাপন নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৪ তারিখ: ২৩ সেপ্টেম্বও ২০২১ ইং
নির্বাচন কমিশন সচিবালয় স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০(অংশ-২).৫২৫ তারিখ: ২৬ অক্টোবর ২০২১ ইং

**বিষয় ঃ চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার নির্বাচন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিতকরণ আদেশ প্রত্যাহার প্রসংগে।**

জনাব,

আসসালামু আলাইকুম। আমি মো ঃ হারুনুর রশীদ, জাতীয় সংসদ সদস্য (৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩)। আমার নির্বাচনি এলাকা ১৪টি ইউনিয়ন এবং ১টি পৌরসভা নিয়ে গঠিত। চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা সদর উপজেলার ঝিলিম, বালিয়াডাঙ্গা, বারোঘরিয়া, মহারাজপুর, সুন্দরপুর, ইসলামপুর, অনুপনগর ইউনিয়ন ও শিবগঞ্জ উপজেলার ঘোড়াপাখিয়া ইউনিয়ন এবং রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার বাসুদেবপুর ইউনিয়ন সমূহ সীমানা সংলগ্ন। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, স্বাধীনতা পরবর্তী কোন সময় সদর উপজেলার অর্ন্তগত কোন ইউনিয়ন ও পৌরসভার সীমানা সংক্রান্ত জটিলতা নাই। এ-যাবৎ নির্ধারীত সময়ে নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফশীল অনুযায়ী পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ সমূহের নির্বাচন অনুষ্ঠিত হয়ে আসছে।

গত ২৩ সেপ্টেম্বর ২০২১ ইং তারিখ কতিপয় ব্যাক্তি তাহাদের এলাকা পৌরসভায় অন্তর্ভুক্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে ৫৫২৯/২০২১ নং রীট পিটিশান দাখিল করিলে মহামান্য হাইকোর্ট মোট ০৮(আট) জন রেসপনডেন্টের প্রতি রুল নটিশ জারী করে ০১ নং রেসপনডেন্ট এর প্রতি বিষয়টি ০৬(ছয়) মাসের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। মহামান্য হাইকোর্ট যে রুল ইস্যু করেন তা নিম্নরুপ: Pending hearing of the Rule, the respondent no.1 is hereby directed to dispose of the petitioners representation dated 20.12.2020 (Annexure-'G-4' to the writ petition) within 6(six) months from the date of receipt of the copy of this order. মহামান্য হাইকোর্টের উক্ত নির্দেশনা দরখাস্তকারীগণের বিজ্ঞ আইনজীবী এর মাধ্যমে যথারীতি নির্বাচন কমিশন কে অবহিত করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগের উল্লেখিত ৫৫২৯/২০২১ নং রীট পিটিশনের বিষয় ও নিদের্শনা সম্পর্কে সম্পূর্নরুপে অবহিত থাকার পরেও নির্বাচন কমিশন কর্তৃক গত ২৯ সেপ্টেম্বর চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার তফশীল ঘোষণা করা হয়। ঘোষিত তফশীল অনুযায়ী ২-রা নভেম্বর নির্বাচন অনুষ্ঠানের নির্ধারিত তারিখ ছিল।

কিন্তু অত্যান্ত পরিতাপের বিষয় হলো হঠাৎ করে নির্বাচন কমিশন কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নির্বাচন স্থগিত করা হয়েছে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, উল্লেখিত রীট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট পৌরসভার নির্বাচনের বিষয়ে কোন নিষেধাজ্ঞা বা নির্দেশনা নির্বাচন কমিশন কে প্রদান করা হয় নাই।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ডাইরি নম্বরঃ..................<br>তারিখঃ.................. | স্বাক্ষর |

চলমানপাতা-২

৪৪৭

# বাংলাদেশ জাতীয় সংসদ
## Bangladesh Parliament

**মোঃ হারুনুর রশীদ**
সংসদ সদস্য
৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩
সদস্য, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ



রীট পিটিশনের বিষয়টি (Annexure-'G-4') একটি চলমান প্রক্রিয়া। ইউনিয়ন পরিষদ/পৌরসভার সীমানা পরিবর্তন প্রশাসনিক সংস্কারের অংশ যা সময় সাপেক্ষ, নিকার (NECAR) কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার সীমানা পরিবর্তন সংক্রান্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ বা সরকারের নীতিগত কোন সিদ্ধান্ত নাই বা প্রক্রিয়াধীনও নাই। মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত ০৬(ছয়) মাস সময়সীমা মধ্যে এখনও অনেক সময় অবশিষ্ট আছে। ফলে পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হতে আইনগত কোন বাধা নাই।

কতিপয় ব্যাক্তি নির্বাচনকে বিলম্বিত বা দীর্ঘায়িত করার অসৎ উদ্দেশ্যে যোগসাজশে উচ্চ আদালতে উল্লেখিত রীট পিটিশন দাখিল করেছে। উক্ত রীটপিটিশন এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচন স্থগিত এর আদেশ নিতান্তই অনাকাঙ্খিত এবং অপ্রত্যাশিত যা সঠিক হয় নাই। এহেন অবস্থায় নির্বাচন কমিশন কতৃক গত ২৬শ-এ অক্টোবর ২০২১ ইং তারিখে নির্বাচন স্থগিতের আদেশ প্রত্যাহার পূর্বক নির্বাচনের বাকি প্রক্রিয়া অতিদ্রুত সম্পূর্ণ হওয়া প্রয়োজন বলে আমি মনে করি।

বিধায়, অতিদ্রুত নির্বাচন স্থগিতাদেশ প্রতাহার করত নির্বাচন অনুষ্ঠানের নতুন তারিখ ঘোষণা এবং অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হইল।

ধন্যবাদান্তে

(মোঃ হারুনুর রশীদ,এমপি)
৪৫ চাঁপাইনবাবগঞ্জ-৩
সদস্য, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল-

১। প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও শেরে-বাংলানগর ঢাকা।

২। জেলা নির্বাচন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ ও রিটার্নিং অফিসার, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা সাধারণ নির্বাচন-২০২১।